

রংরুট ১ : রডন স্ট্রিটে বিকেল

হঠাৎই মাথার মধ্যে বারে পড়ে হনুদ আলেয়া
তার
সমস্ত পাখি আর মাঝিমালা নিয়ে
জল থেকে
আঙুলে আঙুলে শুধু জেগে ওঠে ধাতুশব্দ
ধাতুগান
গাছের কোটরগুলি ফাঁকা পড়ে থাকে
জেলাহীন
কবুতর উড়ে যায় শিকারের খোঁজে

রংরুট ২ : এরোইকা

জলের গস্তীর শব্দে জেগে ওঠে ছাপানো দু'তীর
বেজে ওঠে গ্রামান্তরে গির্জের, শাদা রুটি
মদ
অতিকথন
এবং
সুশ্রাব্য আঙুল
তখনই বনাৎ শব্দে বন্ধ হওয়া চাবিহীন তালা
কপাট, যা শিরোধার্য, বৃক্ষের মগডালে ঘুড়ি
কেঁপে ওঠে
ফিরে আসে
গঁদ, রাংতা, কার্ডবোর্ড, সুতো
নিদ্বিধায়
তীর প্রত্যাখ্যানে
দোরগোড়ায় চপ্পল ফেলে রেখে আসি
সারা সন্ধ্য
দরোজা খোলেনি, আমি
খুলে গেছি পৈয়াজের মতো

রংরুট ৩ : নীল ছবি

তোমার গলা শুনতে পাচ্ছি
বিকল ফোনেই
তুমি ডাকছ, বিকল্প নেই
দৌড়ে আসছে
টুকরো হাওয়া
ভিন্ন লেবুবাগান থেকে
ছুটে আসছে
উপায়বিহীন
অন্য দেশের ছবি বা গান

চমকে উঠছে রাতপাহারা

জাহাজ যখন সমুদ্রে যায়
নোঙর তুলে
হাত-পা-হারা
অন্ধ নাবিক শুয়েই থাকে
অন্ধকারে দু-চোখ খুলে
কেবল ভাবে কিসের ফেরে
সারারাত্তির এমন সুবাস
কাফের সুবাস
বাহর মূলে!